



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১০

২৪ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ : ০৭ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৪/০৩/২০২০, ২৫/০৩/২০২০, ০২/০৪/২০২০ ও ০৫/০২/২০২০ তারিখের বাংলাদেশ ব্যাংকের যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-০৬, ০৭, ০৮ এবং ০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক ইতোপূর্বে ঘোষিত সাধারণ ছুটির চলমান মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করায় আগামী ১২ হতে ১৩ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত উন্নিখিত সার্কুলার লেটার সমূহে বর্ণিত দৈনিক ব্যাংকিং লেনদেন এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ খোলা রাখার পূর্বনির্ধারিত সময়সূচী (যথাক্রমে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত এবং বিকেল ৩.০০ ঘটিকা) যথারীতি অপরিবর্তিত থাকবে।

০৩। তবে, ০৮/০৪/২০২০ তারিখ হতে প্রতি কার্যদিবসে দৈনিক ব্যাংকিং লেনদেন ও লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রমের সময়সীমা অপরিবর্তিত (বিকেল ৩.০০ ঘটিকা) রেখে শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য ব্যাংক তার স্থীয় বিবেচনায় নির্বাচিত এডি শাখা/শাখাসমূহের লেনদেনের সময়সীমা ০১ (এক) ঘন্টা বর্ধিত (যা সাধারণ ব্যাংকিং লেনদেন/কার্যক্রমের জন্য প্রযোজ্য নয়) করে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করতে পারবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩